গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
(রাজস্ব শাখা)
www.kurigram.gov.bd

বিষয় : সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের জেলা মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মোছাঃ সুলতানা পারভীন
জেলা প্রশাসক
কুড়িগ্রাম।

সভার তারিখ : ২২ ডিসেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ।

সভার সময় : সকাল ১০.০০ ঘটিকা।

সভার স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ। পরিশিষ্ট- ক দ্রষ্টব্য ।

আলোচ্যসূচি : "সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প" এর পূর্ত নির্মাণ কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা।

সভাপতি সভায় উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন।

আলোচনা : অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), কুড়িগ্রাম সভায় জানান যে, সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের প্রকল্প পরিচালকের দপ্তর, ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং-৩১.০০.০০০০.০৯০.১৪.০১৪.১৭-৪৯৯, তারিখ- ২৯/০৮/২০১৮ মোতাবেক কুড়িগ্রাম জেলায় চলমান ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের গুণগতমান নিশ্চিতকল্পে নির্মাণ কাজের তদারকি ও মনিটরিং করার জন্য জেলা ও উপজেলা মনিটরিং কমিটি গঠন করা হয় এবং জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সভা প্রতিমাসে নিয়মিত করার নির্দেশনা প্রদান করা হয়েছে।

সভাপতি, চলমান ইউনিয়ন ভূমি অফিসসমূহের নির্মাণ কাজের অগ্রগতি জানতে চাইলে, নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম এর প্রতিনিধি জনাব মোঃ নাজমুল হক, সহকারী প্রকৌশল জানান যে, এ জেলার ৯টি উপজেলায় ১৬(ষোল)টি ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ চলমান রয়েছে। এছাড়াও ৫টি ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ এবং ৪টি ইউনিয়ন ভূমি অফিসের সীমানা প্রাচীর নির্মাণ কাজের দরপত্র কার্যক্রম চলমান আছে। তিনি উপজেলা ভিত্তিক ইউনিয়ন ভূমি অফিসসমূহ ও সীমানা প্রাচীর নির্মাণ কাজের তথ্য নিম্নোক্তভাবে উপস্থাপন করেন।

| ক্রঃ নং | উপজেলার নাম | ইউনিয়ন ভূমি অফিসের নাম | চুক্তি মূল্য | ঠিকাদার/প্রতিষ্ঠানের নাম | কাজ সমাপ্তির তারিখ | কাজের অগ্রগতি |
|---|---|---|---|---|---|---|
| ১ | উলিপুর | ধরণীবাড়ী ইউনিয়ন ভূমি অফিস | ৬৩,০০,০০০/- | মোঃ জহুরুল হক দুলাল ঘোষপাড়া, কুড়িগ্রাম। | ৩০/০৮/২০১৮ | ৯৫% |
| | | ধামশ্রেনী ইউনিয়ন ভূমি অফিস | | | | ৯৫% |
| ২ | চিলমারী | রাণীগঞ্জ ইউনিয়ন ভূমি অফিস | ৬৩,০০,০০০/- | মোঃ শাহাজাহান মিয়া চিলমারী, কুড়িগ্রাম। | ৩০/০৮/২০১৮ | ৯৫% |
| | | চিলমারী ইউনিয়ন ভূমি অফিস | | | | ৯৫% |
| ৩ | রাজারহাট | বিদ্যানন্দ ইউনিয়ন ভূমি অফিস | ১,৬৭,৫৮,০০০/- | মোঃ জাহাঙ্গীর আলম সুমন তিস্তা, লালমনির হাট। | ২৭/১০/২০১৯ | ৮০% |
| | | চাকিরপশার ইউনিয়ন ভূমি অফিস | | | | ৮০% |
| | | উমর মজিদ ইউনিয়ন ভূমি অফিস | | | | ০% |
| ৪ | নাগেশ্বরী | নাগেশ্বরী পৌর ভূমি অফিস | ১,১২,২৮,০৫০/- | মেসার্স সাগর ট্রেডার্স কেরানীপাড়া, রংপুর। | ১৩/১১/২০১৯ | ৮০% |
| | | ভিতরবন্দ ইউনিয়ন ভূমি অফিস | | | | ৮০% |
| ৫ | ভূরুঙ্গামারী | চর-ভূরুঙ্গামারী ইউনিয়ন ভূমি অফিস | ১,১৩,৯১,৭৫০/- | মেসার্স আলতাফ এন্টারপ্রাঃ জুম্মাপাড়া, রংপুর। | ০৯/০৩/২০২০ | ৮৫% |
| | | বলদিয়া ইউনিয়ন ভূমি অফিস | | | | ৮৫% |
| ৬ | ফুলবাড়ী | ভাঙ্গামোড় ইউনিয়ন ভূমি অফিস | ১,৭৭,৪৮,০০০/- | মেসার্স শামীম ট্রেডার্স হরিকেশ, কুড়িগ্রাম। | ১৩/০১/২০২০ | ৬৫% |
| | | বড়ভিটা ইউনিয়ন ভূমি অফিস | | | | ৬৫% |
| | | ফুলবাড়ী ইউনিয়ন ভূমি অফিস | | | | ৬৫% |

চলমান পাতা-২

| ক্রঃ নং | উপজেলার নাম | ইউনিয়ন ভূমি অফিসের নাম | চুক্তি মূল্য | ঠিকাদার/প্রতিষ্ঠানের নাম | কাজ সমাপ্তির তারিখ | কাজের অগ্রগতি |
|---|---|---|---|---|---|---|
| ৭ | রৌমারী | রৌমারী সদর ইউনিয়ন ভূমি অফিস | ১,১২,৭৫,৫৫০/- | মোঃ নুরুজ্জামান কাঁঠালবাড়ী, কুড়িগ্রাম। | ০৯/০৩/২০২০ | ৩৫% |
| | | যাদুর চর ইউনিয়ন ভূমি অফিস | | | | ৫০% |
| ৮ | কুড়িগ্রাম সদর | ভোগডাঙ্গা ইউনিয়ন ভূমি অফিস | - | মেসার্স ফেলকন এন্টারপ্রাইজ, হরিকেশ, কুড়িগ্রাম। | - | NOA প্রদান করা হয়েছে। |
| ৯ | রাজিবপুর | মোহনগঞ্জ ইউনিয়ন ভূমি অফিস | ৬৯,৭০,০০০/- | | | দরপত্র মূল্যায়ন কার্যক্রম চলমান। |
| | | রাজিবপুর ইউনিয়ন ভূমি অফিস | ৬৮,৫৫,০০০/- | | | দরপত্র মূল্যায়ন কার্যক্রম চলমান। |
| ১০ | উলিপুর/ চিলমারী | ক) ধরণীবাড়ী ও ধামশ্রেণী ইউনিয়ন ভূমি অফিসের সীমানা প্রাচীর নির্মাণ খ) রাণীগঞ্জ ও চিলমারী সদর ইউনিয়ন ভূমি অফিসের সীমানা প্রাচীর নির্মাণ | ৫৯,৯৯,৬০০/- | মোঃ নুরুল আমিন সরকার, কুড়িগ্রাম। | | NOA প্রদান করা হয়েছে। |

ইউনিয়ন ভূমি অফিসসমূহের নির্মাণ কাজের অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় যে, উলিপুর, চিলমারী এবং রাজারহাট উপজেলাধীন ইউনিয়ন ভূমি অফিসসমূহের নির্মাণ কাজ নির্ধারিত সময় অতিবাহিত হয়েছে। সভাপতি যে সকল ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ সংশ্লিষ্ট ঠিকাদার নির্ধারিত সময়ে সম্পন্ন করতে পারেননি সে সকল ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করার পদক্ষেপ গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রামকে পরামর্শ প্রদান করেন।

উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী জানান যে, রৌমারী সদর ইউনিয়ন ভূমি অফিস ও যাদুরচর ইউনিয়ন ভূমি অফিস ০২(দুই)টির নির্মাণ কাজের মান নিম্নমানের। নির্মাণ কাজে যে সমস্ত নির্মাণ সামগ্রী ব্যবহার করা হচ্ছে তা অত্যন্ত নিম্নমানের। তাছাড়াও প্রকল্প এলাকায় ঠিকাদার কিংবা তার প্রতিনিধি উপস্থিত থাকেন না। সভাপতি রৌমারী উপজেলাধীন রৌমারী সদর ও যাদুরচর ইউনিয়ন ভূমি অফিস ০২(দুই)টির নির্মাণ কাজের মান পরিদর্শন করে রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম ও উপ-সহকারী প্রকৌশলী, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রামকে প্রতিবেদন দেয়ার জন্য নির্দেশনা প্রদান করেন। এ ছাড়াও সকল ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজের গুনগত মান যাতে ভালো হয় সে বিষয়ে যে সকল উপজেলায় ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ চলমান আছে সে কাজগুলো নিয়মিত পরিদর্শন করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার(ভূমি)গনকে নির্দেশনা প্রদান করেন। ইউনিয়ন ভূমি অফিসসমূহের নির্মাণ কাজের মান সঠিক রাখার জন্য সকল ঠিকাদারকে নির্দেশনা প্রদানের জন্য নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রামকে পরামর্শ প্রদান করেন।

সভাপতি প্রত্যেকটি ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ নির্ধারিত ডিজাইন ও প্রাক্কলন মোতাবেক যথাসময়ে কাজের গুনগতমান বজায় রেখে সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করেন।

| সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|
| ১। প্রত্যেকটি ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সদস্যগনকে নিয়মিত পরিদর্শন করতে হবে এবং প্রতিমাসে নির্মাণ কাজের অগ্রগতি বিষয়ে সভা করে সভার কার্যবিবরণী প্রকল্প পরিচালকের দপ্তর, ভূমি মন্ত্রণালয়, ঢাকা বরাবর প্রেরণ করতে হবে। | ১।অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), কুড়িগ্রাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, (সকল),কুড়িগ্রাম।<br>৩। সহকারী কমিশনার(ভূমি), (সকল),কুড়িগ্রাম। |
| ২। যে সকল ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ সংশ্লিষ্ট ঠিকাদার নির্ধারিত সময়ে সম্পন্ন করতে পারেননি সে সকল ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করার পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম। |
| ৩। রৌমারী উপজেলাধীন রৌমারী সদর ও যাদুরচর ইউনিয়ন ভূমি অফিস ০২(দুই)টির নির্মাণ কাজের মান পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করতে হবে। | ১। রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম।<br>২। উপ-সহকারী প্রকৌশলী, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম। |

চলমান পাতা-৩

| সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|
| ৪। প্রত্যেকটি ভূমি অফিসের পূর্ত নির্মাণ কাজ শুরু হওয়া বিশেষ করে ভীত ও ছাদ ঢালাইয়ের বিষয়টি তারিখসহ প্রকল্প পরিচালকের কার্যালয়, জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি)-কে অবশ্যই অবহিত করতে হবে। | ১। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম। |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত/-
(মোছাঃ সুলতানা পারভীন)
জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
ও
সভাপতি
জেলা মনিটরিং কমিটি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
(রাজস্ব শাখা)
www.kurigram.gov.bd

নং-৩১.৪৭.৪৯০০.০০৬.০৫.০২২.১৮- ১২৪৭(২৫)

তারিখ : ২১ পৌষ, ১৪২৬ / ০৬ ডিসেম্বর, ২০১৯

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রকল্প পরিচালক, উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ (৬ষ্ঠ পর্ব) প্রকল্প", ভূমি মন্ত্রণালয়।
৩। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম।
৪। উপজেলা নির্বাহী অফিসার, .............................. (সকল). কুড়িগ্রাম।
৫। সহকারী কমিশনার(ভূমি), .............................. (সকল). কুড়িগ্রাম।
৬। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসক, কুড়িগ্রাম মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭। সহকারী কমিশনার, আইসিটি জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম (ওয়েব প্রোটালে প্রকাশের অনুরোধসহ)।
৮। গোপনীয় সহকারী, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম মহোদয়ের সদয় অবগতির জন্য।
৯। অফিস কপি।

(নাজিম উদ্দীন)
রেভিনিউ ডেপুটি কালেক্টর
কুড়িগ্রাম।
ফোনঃ০৫৮১-৬১৩১০(অফিস)

**পরিশিষ্ট-ক**

## ২২/১২/২০১৯ তারিখে অনুষ্ঠিত সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের জেলা মনিটরিং কমিটির সভায় উপস্থিতি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, কুড়িগ্রাম। সময় : সকাল ১০.০০ টা ।

| ক্রঃনং | নাম | পদবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১। | জনাব মোছাঃ জিলুফা সুলতানা | অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব) কুড়িগ্রাম। | স্বাক্ষরিত/- |
| ০২। | জনাব নিলুফা ইয়াছমিন | উপজেলা নির্বাহী অফিসার কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম। | স্বাক্ষরিত/- |
| ০৩। | জনাব মোহাঃ যোবায়ের হোসেন | উপজেলা নির্বাহী অফিসার রাজারহাট, কুড়িগ্রাম। | স্বাক্ষরিত/- |
| ০৪। | জনাব নুর আহমেদ মাছুম | উপজেলা নির্বাহী অফিসার নাগেশ্বরী, কুড়িগ্রাম। | স্বাক্ষরিত/- |
| ০৫। | জনাব এস এইচ এম মাগফুরুল ইসলাম আব্বাসী | উপজেলা নির্বাহী অফিসার ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম। | স্বাক্ষরিত/- |
| ০৬। | জনাব মোছাঃ মাছুমা আরেফিন | উপজেলা নির্বাহী অফিসার ফুলবাড়ী, কুড়িগ্রাম। | স্বাক্ষরিত/- |
| ০৭। | জনাব মোঃ আব্দুল কাদের | উপজেলা নির্বাহী অফিসার উলিপুর, কুড়িগ্রাম। | স্বাক্ষরিত/- |
| ০৮। | জনাব এ ডব্লিউ এম রায়হান শাহ্ | উপজেলা নির্বাহী অফিসার চিলমারী, কুড়িগ্রাম। | স্বাক্ষরিত/- |
| ০৯। | জনাব মোঃ আল ইমরান | উপজেলা নির্বাহী অফিসার রৌমারী, কুড়িগ্রাম। | স্বাক্ষরিত/- |
| ১০। | জনাব মোঃ মেহেদী হাসান | উপজেলা নির্বাহী অফিসার রাজিবপুর, কুড়িগ্রাম। | স্বাক্ষরিত/- |
| ১১। | জনাব মোঃ ময়নুল ইসলাম | সহকারী কমিশনার(ভূমি) কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম। | স্বাক্ষরিত/- |
| ১২। | জনাব মোহাঃ যোবায়ের হোসেন | সহকারী কমিশনার(ভূমি) (অতিঃ দাঃ)। রাজারহাট, কুড়িগ্রাম | স্বাক্ষরিত/- |
| ১৩। | জনাব কামরুন নাহার | সহকারী কমিশনার(ভূমি) নাগেশ্বরী, কুড়িগ্রাম। | স্বাক্ষরিত/- |
| ১৪। | জনাব এস এইচ এম মাগফুরুল ইসলাম আব্বাসী | সহকারী কমিশনার(ভূমি)(অতিঃ দাঃ) ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম। | স্বাক্ষরিত/- |
| ১৫। | জনাব মোছাঃ মাছুমা আরেফিন | সহকারী কমিশনার(ভূমি) (অতিঃ দাঃ) ফুলবাড়ী, কুড়িগ্রাম। | স্বাক্ষরিত/- |
| ১৬। | জনাব সোহেল সুলতান জুলকার নাইন কবির | সহকারী কমিশনার(ভূমি) উলিপুর, কুড়িগ্রাম। | স্বাক্ষরিত/- |
| ১৭। | জনাব জনাব এ ডব্লিউ এম রায়হান শাহ্ | সহকারী কমিশনার(ভূমি) (অতিঃ দাঃ) চিলমারী, কুড়িগ্রাম। | স্বাক্ষরিত/- |
| ১৮। | জনাব সোহেল সুলতান জুলকার নাইন কবির | সহকারী কমিশনার(ভূমি) (অতিঃ দাঃ) রৌমারী, কুড়িগ্রাম। | স্বাক্ষরিত/ |
| ১৯। | জনাব মোঃ মেহেদী হাসান | সহকারী কমিশনার(ভূমি) (অতিঃ দাঃ) রাজিবপুর, কুড়িগ্রাম। | স্বাক্ষরিত/ |
| ২০। | জনাব মোঃ নাজমুল হক, সহকারী প্রকৌশলী | নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম এর প্রতিনিধি। | স্বাক্ষরিত/- |